গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
আটঘরিয়া, পাবনা।
Cooparative.atghoria.pabna.gov.bd

## তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভার নোটিশ

নম্বর ৪৭.৬১,৭৬০৫.০০০.০৬.০০৭.২১-৩১৯ তারিখ: ০৩/১২/২০২৩খ্রি.

এতদ্বারা অত্র উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২৩-২৪) এর তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সকল সদস্যকে জানানো যাচ্ছে যে, আগামী ১৮/১২/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনায় উক্ত কমিটির এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি:

১। তথ্য অধিকার বিষয়ে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা এর ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/২০২৩) লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়ন বিষয়ে আলোচনা।

২। বিবিধ।

( মোঃ মুনছুর আলম )
সহকারি পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
আটঘরিয়া, পাবনা
ও
সদস্য-সচিব, তথ্য অধিকার কর্মপরিকল্পনা
বাস্তবায়ন কমিটি।

বিতরণ:

১। উপজেলা সমবায় অফিসার, আটঘরিয়া, পাবনা ও আহবায়ক, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।

২। জনাব তাপসী রাবেয়া, সহকারি পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনা ও সদস্য, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।

৩। অফিস নথি।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২৩-২৪) এর তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন
কমিটির সভার কার্যবিবরণী।

স্থান : উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনা।
তারিখ : ১৮/১২/২০২৩খ্রিস্টাব্দ
সময় : সকাল ১০.০০ ঘটিকা

জনাব শেখ জাকিয়া সুলতানা, উপজেলা সমবায় অফিসার, আটঘরিয়া, পাবনা ও আহবায়ক, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি সভায় সভাপতিত্ব করেন। সভায় কমিটির নিম্নবর্ণিত সম্মানীত সদস্যগণ উপস্থিত আছেনঃ

| ক্রমিক নম্বর | নাম ও পদবি | কমিটিতে পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | শেখ জাকিয়া সুলতানা<br>উপজেলা সমবায় অফিসার, আটঘরিয়া, পাবনা। | আহবায়ক | স্বাক্ষরিত |
| ০২. | মোঃ মুনছুর আলম<br>সহকারি পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনা। | সদস্য-সচিব | স্বাক্ষরিত |
| ০৩. | তাপসী রাবেয়া<br>সহকারি পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনা। | সদস্য | স্বাক্ষরিত |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসুচি মোতাবেক আলোচনা শুরু করার জন্য কমিটির সদস্য-সচিব জনাব মোঃ মুনছুর আলম'কে অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে নিম্নবর্ণিত আলোচ্যসূচি মোতাবেক আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রমিক নম্বর | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১.১ | তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | ১.১তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান:<br>তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সদস্য-সচিব জনাব মোঃ মুনছুর আলম সভাকে জানান যে, প্রতি মাসে একটি করে তথ্য অধিকার কমিটির সভার অনুষ্ঠান করে পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে সভার কার্যবিবরণী জেলা সমবায় কার্যালয়, পাবনায় প্রেরণ করার নির্দেশনা রয়েছে। ২০২৩-২০২৪ সনের এপিএ চুক্তিতে প্রতি ত্রৈমাসে হালনাগাদ করণের চুক্তি সম্পাদন করা হয়েছে। এ বিষয়ে সভায় ব্যাপক আলোচনা করা হয়। | ১। জেলা সমবায় কার্যালয়, পাবনা হতে পুনরায় নির্দেশনা না আসা পর্যন্ত পূর্বের নির্দেশনাপত্র মোতাবেক প্রতি মাসে ১টি করে তথ্য অধিকার সভা করে পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে সভার কার্যবিবরণী জেলা সমবায় কার্যালয়, পাবনাতে প্রেরণ করতে হবে। |
| ১.২ | স্ব:প্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | ১.২ স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ:<br>তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভাপতি এ দপ্তরের প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। নির্দেশনা মতে তথ্যসমূহ হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। এ দপ্তরের তথ্য হালনাগাদসহ ওয়েবসাইটে প্রকাশ করার জন্য কমিটির সকল সদস্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১.৩ | বার্ষিক প্রতিবেদন প্রকাশ | ১.৩ বার্ষিক প্রতিবেদন প্রকাশ: তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সদস্য-সচিব জানান যে, অর্থ বছর শেষ হলে এ কার্যালয়ের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে ব্যাপক গুরুত্ব সহকারে আলোচনা করা হয়। | ১। তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি বার্ষিক প্রতিবেদন প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |

| | | | |
|---|---|---|---|
| ১.৪ | তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদকরণ | ১.৪ তথ্য অধিকার আইন,২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরী/ হালনাগাদকরণ: তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরী/ হালনাগাদকরণ এর বিষয়ে সভায় ব্যাপক আলোচনা করা হয়। | ১। তথ্য অধিকার কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার জন্য কমিটির সকল সদস্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ১.৫ | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | ১.৫ তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ: তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সদস্য-সচিব সভাকে জানান যে, ৩য় কোয়াটারে প্রচারমূলক কার্যক্রমের লক্ষ্যমাত্রা রয়েছে। এ বিষয়ে ব্যাপক গুরুত্ব সহকারে আলোচনা করা হয়। | ১। প্রচারমূলক কার্যক্রমের অংশ হিসেবে প্রতি ত্রৈমাসে সভা, অফিস আদেশ কিংবা প্রচারপত্রের মাধ্যমে তথ্য অধিকার সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। |
| ১.৬ | তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্ব:প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশেকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [১.৬] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্ব:প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশেকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |

সভায় আর কোন আলোচনা না থাকায় আহবায়ক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

( তাপসী রাবেয়া )
সহকারি পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
আটঘরিয়া, পাবনা
ও
সদস্য, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

(মোঃ মুনছুর আলম )
সহকারি পরিদর্শক
উপজেলা সমবায় কার্যাল
আটঘরিয়া, পাবনা
ও
সদস্য-সচিব, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

( শেখ জাকিয়া সুলতানা )
উপজেলা সমবায় অফিসার
আটঘরিয়া, পাবনা
ও
আহবায়ক, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

নম্বর- ৪৭.৬১,৭৬০৫.০০০.০৬.০০৭.২১-৩২৩/১(৩) তারিখ: ১৮/১২/২০২৩খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১। জেলা সমবায় কর্মকর্তা, পাবনা।
২। জনাব তাপসী রাবেয়া, সহকারি পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনা। (এ দপ্তরের ওয়েবপোর্টালে প্রকাশের জন্য)
৩। অফিস নথি।

( শেখ জাকিয়া সুলতানা )
উপজেলা সমবায় অফিসার
আটঘরিয়া, পাবনা
ও
আহবায়ক, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২৩) এর তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন
কমিটির উপস্থিতি।

স্থান : উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনা।
তারিখ : ১৮/১২/২০২৩খ্রিস্টাব্দ
সময় : সকাল ১০.০০ ঘটিকা

| ক্রমিক নম্বর | নাম ও পদবি | কমিটিতে পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | শেখ জাকিয়া সুলতানা<br>উপজেলা সমবায় অফিসার, আটঘরিয়া, পাবনা। | আহবায়ক | |
| ০২. | মোঃ মুনছুর আলম<br>সহকারি পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনা। | সদস্য-সচিব | |
| ০৩. | তাপসী রাবেয়া<br>সহকারি পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, আটঘরিয়া, পাবনা। | সদস্য | |